দৈনিক বাংলা

তারিখ 15 JAN 1987
পৃষ্ঠা ১ কলাম ৮

043

# ছয় লাখ টাকার নোট বই ও বোর্ডের বই উদ্ধারঃ গ্রেফতার ১৫


॥ স্টাফ রিপোর্টার ॥

বুধবার ঢাকা মেট্রোপলিটান পুলিশের গোয়েন্দা বিভাগ ৬ লাখ টাকার বিভিন্ন বই ও নোট বই আটক করেছে। পুলিশ এ ব্যাপারে ১৫ জনকে গ্রেফতার করেছে।

পুলিশ সূত্রে বলা হয়েছে যে, নগরীর বাংলাবাজার নর্থব্রুকহল রোডস্থ বিভিন্ন বইয়ের দোকান ও গুদামে তল্লাশী করে এই বই আটক করা হয়। আটককৃত বইয়ের মধ্যে প্রথম শ্রেণী থেকে অষ্টম শ্রেণী পর্যন্ত বিভিন্ন শ্রেণীর পাঠ্যবই ও নোট বই রয়েছে। এসব বই ও নোট বই ছাপানো ও বিক্রি নিষিদ্ধ। আটককৃত বইয়ের সংখ্যা প্রায় ২৪ হাজার। পুলিশ গত মঙ্গলবার বিকাল থেকে বুধবার ভোর পর্যন্ত তল্লাশী চালিয়ে এসব বই ও নোট বই আটক করে।

পুলিশ জানায়, আটককৃত বই সরকারের সার্বজনীন প্রাথমিক শিক্ষা প্রকল্পের অধীনে প্রাথমিক স্কুলের ছাত্রছাত্রীদের মধ্যে বিনা-

(শেষ পৃঃ ৪-এর কঃ দ্রঃ)



গোয়েন্দা পুলিশ বুধবার এক অভিযান চালিয়ে বিপুল পরিমাণ নিষিদ্ধ নোট বই উদ্ধার করে

## গ্রেফতার ১৫

(প্রথম পৃঃ পর)

মূল্যে বিতরণের জন্য টেক্সট বুক বোর্ড ছাপায়। এক ধরনের অসাধু লোক দীর্ঘদিন ধরে টেক্সট বুক বোর্ড ও প্রেসের কর্মচারীদের সহায়তায় বিনামূল্যে বিক্রির জন্যে ছাপান এই সব বই হস্তগত করে মোটা অংক কামাচ্ছিল।

ধৃত ব্যক্তিরা পুলিশের কাছে এসব কথা স্বীকার করেছে। ঘটনা সম্পর্কে থানায় মামলা দায়ের করা হয়েছে।